

বিসমিল্লাহির রাহমানির রাহীম

আলহামদুলিল্লাহ, ওয়াসসালাতু ওয়াছছালামু আলা রাসূলিল্লাহ

যদিও বিশ্বাস করি ছোট বোনের পর বাবার স্নেহ মমতা আমিই সবচেয়ে বেশী পেয়েছি তবু সন্দেহ নেই আমার বাবার সন্তানদের মধ্যে আমি সবচেয়ে নিকৃষ্ট ও অযোগ্য। বাবার স্নেহ মমতা বেশী পেয়েছি কারণ তিনি বাবা, তিনি উত্তম; আর আমি তাঁর ত্যাগের কোন মূল্যায়ন করতে তো পারিইনি বরং নিকৃষ্টতা ও অযোগ্যতায় জীবনকে কলংকিত করেছি কারণ আমি ছেলে, আমি অধম। আমার ভাইদের মত আমাকে নিয়ে আমার বাবার গর্ব করার মত কিছু নেই তবে ছেলে হিসাবে আমি গর্বিত কারণ বাবার মত একজন বাবা পেয়েছি।

প্রায় কুড়ি বছর হল মন থেকে বাবার একটি জীবনী লেখার তাগিদ অনুভব করছিলাম কিন্তু জানার সীমাবদ্ধতা এবং সময়ের স্বল্পতার কারণে সম্ভব হয়ে উঠেনি। স্নেহের মাওলানা জুবায়ের আহমদ আমাদের পরিবারের প্রথম সন্তান, বাবার প্রথম নাতী। অনেক কষ্ট করে, সময় দিয়ে বাবার জীবনী লেখার এই দায়িত্ব আঞ্জাম দেয়ায় জুবায়েরের কাছে আমরা পুরো পরিবার চিরদিনের জন্য ঋণী হয়ে গেলাম। আজীবন দোয়া করে যাবো জুবায়েরের ইহ ও পরকাল যেন সুন্দর ও স্বার্থক হয়।

মুহাম্মাদ আইনুল হুদা

নিউইয়র্ক।